

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
নিয়োগ/পুনঃনিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধনী :-

তারিখ: ১৮.০২.২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ (আই.ই.আর) এর আওতাভুক্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শাখায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত পাবলিক বিশ্ববিদ্যালয়ে অঙ্গীভূত স্কুল/স্কুল ও কলেজ পরিচালনা নীতিমালা ২০২৩ অনুযায়ী নিম্নোক্ত পদসমূহে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক) উচ্চ মাধ্যমিক শাখা (সংশোধনী):


ক্রমিক	পদের বিবরণ	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫
১.	প্রভাষক (বাংলা)	১টি	৯ম গ্রেড
২.	প্রভাষক (ইংরেজি)	১টি	৯ম গ্রেড
৩.	প্রভাষক (গণিত)	১টি	৯ম গ্রেড
৪.	প্রভাষক (হিসাব বিজ্ঞান)	১টি	৯ম গ্রেড
৫.	প্রভাষক (উদ্ভিদ বিজ্ঞান)	১টি	৯ম গ্রেড
৬.	প্রভাষক (যুক্তিবিদ্যা)	১টি	৯ম গ্রেড
৭.	প্রভাষক (ইসলামের ইতিহাস)	১টি	৯ম গ্রেড

খ) মাধ্যমিক ও প্রাথমিক শাখা:


ক্রমিক	পদের বিবরণ	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫
১.	সহকারী প্রধান শিক্ষক	১টি স্থায়ী	৮ম গ্রেড
২.	সহকারী শিক্ষক (বাংলা)	২টি স্থায়ী	১০ম গ্রেড
৩.	সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)	১টি স্থায়ী	১০ম গ্রেড
৪.	সহকারী শিক্ষক (রসায়ন)	১টি স্থায়ী	১০ম গ্রেড
৫.	সহকারী শিক্ষক (পদার্থবিদ্যা)	১টি স্থায়ী	১০ম গ্রেড
৬.	সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)	৪টি স্থায়ী	১০ম গ্রেড
৭.	সহকারী শিক্ষক (ইংরেজি)	২টি স্থায়ী	১০ম গ্রেড
৮.	সহকারী শিক্ষক (আই.সি.টি)	২টি স্থায়ী	১০ম গ্রেড
৯.	সহকারী শিক্ষক (ইসলাম, হিন্দু ও বৌদ্ধ)	৩টি স্থায়ী	১০ম গ্রেড
১০.	সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)	১টি স্থায়ী	১০ম গ্রেড
১১.	সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা)	১টি স্থায়ী	১০ম গ্রেড

প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রম:	পদের নাম	প্রার্থীর ন্যূনতম যোগ্যতা
১.	প্রভাষক (কলেজ শাখা) বাংলা, ইংরেজি, গণিত, হিসাব বিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান, যুক্তিবিদ্যা ও ইসলামের ইতিহাস	প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি বা ২য় বিভাগ ও মাস্টার্স ডিগ্রি ১ম শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি উভয়টিতে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।
৪.	(স্কুল শাখা) সহকারী প্রধান শিক্ষক	প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান এবং বি.এড ডিগ্রি/সমমান হতে হবে। উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক স্কুলে কমপক্ষে ১২(বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ গ্রহণযোগ্য হবে না। বয়স সর্বোচ্চ ৫২ বছর।
৫.	সহকারী শিক্ষক (বাংলা)	প্রার্থীর স্নাতক পর্যায়ে ৩০০ নাম্বারের ঐচ্ছিক বাংলা ও বি.এডসহ দ্বিতীয় শ্রেণির ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
৬.	সহকারী শিক্ষক (ইংরেজি)	প্রার্থীর স্নাতক পর্যায়ে ৩০০ নাম্বারের ঐচ্ছিক ইংরেজি ও বি.এডসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ইংরেজি বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৭.	সহকারী শিক্ষক সামাজিক বিজ্ঞান	প্রার্থীর বি.এডসহ বি.এস.এস দ্বিতীয় শ্রেণি অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
৮.	সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)	প্রার্থীর বি.এডসহ বি.কম/বি.বি.এ দ্বিতীয় শ্রেণি অথবা ব্যবসায় প্রশাসন অনুষদের যে কোন বিষয়ে সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
৯.	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই.টি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি স্নাতক সম্মান ডিগ্রি; অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বি.এড. ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদী অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজির সনদ থাকতে হবে।
১০.	সহকারী শিক্ষক (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান)	প্রার্থীকে বি.এডসহ বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ২য় শ্রেণি অথবা বিজ্ঞান বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
১১	সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা)	প্রার্থীকে ইসলাম ধর্মের ক্ষেত্রে স্নাতকসহ কামিল ডিগ্রি থাকতে হবে। হিন্দু ধর্মের ক্ষেত্রে (স্বীয় ধর্মের) উপাধি ডিগ্রিসহ সংস্কৃত বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমান ও বৌদ্ধ ধর্মের (স্বীয় ধর্মের) উপাধি ডিগ্রিসহ পালি বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমান হতে হবে।



১২.	সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা)	প্রার্থীকে কৃষি শিক্ষা ও বি.এডসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি অথবা ২য় শ্রেণির ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমাদারীদের অগ্রাধিকার দেয়া হবে।
ক্রম:	অন্যান্য শর্তাবলী - ২-	
(ক)	শ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি উভয়টিতে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।	
(খ)	উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে চ. বি. ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকুরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোন চাকুরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।	
(গ)	ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://www.cu.ac.bd) হতে Download করে আবেদন পত্রের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। প্রভাষক, সহকারী প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষক পদের জন্য ৮ (আট) সেট করে দরখাস্ত আগামী ১৮/০৩/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮ টা থেকে বেলা ৩ টা ৩০ পর্যন্ত) গৃহীত হবে।	
(ঘ)	অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দুটি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি আবেদনের মূল সেটের সাথে এবং মার্কশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। আবেদনপত্র ডাকযোগ/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত হলে তা নির্ধারিত তারিখের মধ্যে পাওয়া না গেলে উক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সংশ্লিষ্ট কাগজপত্র ফেরতযোগ্য নয়।	
(ঙ)	নির্ধারিত ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদন, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে আবেদন, বিজ্ঞপ্তিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় Appeared পেশকৃত আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।	
(চ)	চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।	
(ছ)	নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। কোন পদের জন্য আবেদন করছেন তা খামের উপর অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে আবেদনপত্র জমা দিতে হবে। একটি আবেদনপত্রে একাধিক পদের নাম উল্লেখ করা যাবে না।	
(জ)	নিয়ম অনুযায়ী নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সরকারী সিদ্ধান্ত অনুযায়ী কোটা নির্ধারিত থাকবে। এ ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের উপরে “মুক্তিযোদ্ধা কোটা” উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।	
(ঝ)	পুনঃবিজ্ঞপ্তিত উক্ত পদসমূহের জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের মধ্যে এ বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতাধারী প্রার্থীগণকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।	
(ঞ)	উপর্যুক্ত যোগ্যতা ছাড়াও চ. বি. ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে খসকালীন ভিত্তিতে নিয়োজিত শিক্ষকবৃন্দ সংশ্লিষ্ট পদের জন্য আবেদন করতে পারবেন। তাছাড়া প্রভাষক/সহকারী শিক্ষক পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের সহকারী শিক্ষক পদে যারা NTRCA নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ তাঁরাও আবেদন করতে পারবেন।	
(ট)	আবেদনকারী অধ্যয়নরত হলে তা সংশ্লিষ্ট কলামে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রার্থী কোন যোগ্যতা উল্লেখ না করে আবেদন করলে পরবর্তীতে এ বিশ্ববিদ্যালয়ে তার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা নথিভুক্ত করা হবে না।	
(ঠ)	এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন ধারা/উপধারা বা নিয়োগের শর্তাবলী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে সংশোধন করতে পারবে।	


 ১৪.২.২০২৬
 (প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
 যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪, ৭৪৯-৯১ এক্স-৪২০১

স্মারক নং- চ.বি.নি:বি:বি:শা/ল্যাব. স্কুল এন্ড কলেজ/২৬৮১(৯)/২০২৬

তারিখ: ১৮/০২/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো: (ক্রম সিনিয়রিটির ভিত্তিতে নয়)

১. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, চ. বি.
২. অধ্যক্ষ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, চ. বি.
৩. পরিচালক, আই.সি.টি সেন্টার, চ. বি. (চ.বি. ওয়েব সাইটে/জাতীয় বাতায়নে (www.bangladesh.gov.bd) প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. প্রশাসক, তথ্য ও ফটোগ্রাফি শাখা, রেজিস্ট্রার অফিস, চ. বি. (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী স্থানীয় এবং জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ. বি.
৬. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য দপ্তর (প্রশাসন), চ. বি.
৭. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য দপ্তর (একাডেমিক), চ. বি.
৮. সহকারী রেজিস্ট্রার, সংযুক্ত শাখা, রেজিস্ট্রার অফিস, চ. বি.

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)
 নির্বাচন ও বিধি-বিধান শাখা
 রেজিস্ট্রার অফিস, চ.বি.